কানাইঘাটে ঝিংগাবাড়ী সমাজকল্যাণ সমিতির মেধাভিত্তিক বৃত্তি পরীক্ষা সম্পন্ন

কানাইঘাট প্রতিনিধি: ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সিলেটের কানাইঘাট উপজেলার ঝিংগাবাড়ী সমাজকল্যাণ সমিতির উদ্যোগে চতুর্থ ও পঞ্চম শ্রেনীর শিক্ষার্থীদের মেধাভিত্তিক বৃত্তি পরীক্ষা আজ শুক্রবার (২৫ অক্টোবর) অনুষ্ঠিত হয়।

উপজেলার ঝিংগাবাড়ী উচ্চ বিদ্যালয় ও কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত মেধা বৃত্তি পরীক্ষায় উপজেলার অর্ধ শতাধিক প্রতিষ্ঠানের প্রায় পাঁচশতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

পরীক্ষা পরিদর্শন করেন ঝিংগাবাড়ী উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ আব্দুছ ছালাম, গাছবাড়ী জামিউল উলূম কামিল মাদরাসার আরবি প্রভাষক মাওলানা লুৎফর রহমান, ঝিংগাবাড়ী সমাজকল্যাণ সমিতির প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক আলমগীর সোলেমান চৌধুরী, বিশিষ্ট সমাজহিতৈষী হাফিজ তাজ উদ্দিন, ঝিংগাবাড়ী সমাজকল্যাণ সমিতির সাবেক সভাপতি বিলাল আহমদ, দুলাল আহমদ চৌধুরী, মাওলানা এবাদুর রহমান, মাওলানা আব্দুল মালিক চৌধুরী,সিলেট অনলাইন প্রেসক্লাবের ট্রেজারার তাওহীদুল ইসলাম, ৭ নং ওয়ার্ড সদস্য আব্দুল কাদির, বিশিষ্ট মুরব্বি আব্দুন নুর চৌধুরী, চৌধুরী,হাফিজ আব্দুল মালিক চৌধুরী, সমিতির আজীবন সদস্য মামুন রশীদ, হাফিজ ফয়েজ আহমদ, শাহেদুর রহমান চৌধুরী
প্রমুখ।

পরীক্ষা পরবর্তী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়৷ সমিতির সভাপতি ইয়াহিয়া আহমদ চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আব্দুল মুমিন সজীব এর সঞ্চালনায় শুরুতে কোরআন তেলাওয়াত করেন মাওলানা মিজানুর রহমান চৌধুরী মাশকুর, শিক্ষকদের পক্ষে বক্তব্য রাখেন মাওলানা রুহে আলম, মাওলানা গোলাম কিবরিয়া প্রমুখ।
এ সময় বক্তারা ঝিংগাবাড়ী সমাজকল্যাণ সমিতির ধারাবাহিক এ বৃত্তি পরীক্ষার ভূয়সী প্রশংসা করে বলেন, এ রকম আয়োজন শিক্ষার্থীদের মেধা বিকাশে যেমন গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে তেমনি একটি

সমাজকে আলোকিত বিনির্মানে কার্যকরী ভুমিকা রাখে৷ বক্তারা, এ পরীক্ষার ধারাবাহিকতা বজায় রাখার জন্য সমিতির নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান।